



শেখ হাসিনা রায়কে ঘিরে ট্রাইব্যুনাল এলাকায় বিশেষ নিরাপত্তায় সেনা-বিজিবি



সংগৃহীত ছবি

জুলাইয়ের গণঅভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার রায় ঘোষণাকে ঘিরে ট্রাইব্যুনাল ও সুপ্রিম কোর্ট এলাকায় সর্বোচ্চ সতর্কতা নেওয়া হয়েছে। ভোর থেকেই সেনাবাহিনী ও বিজিবির টহল জোরদার করা হয়, পাশাপাশি আদালতসংলগ্ন এলাকায় অতিরিক্ত চেকপোস্ট বসানো হয়।

সুপ্রিম কোর্ট প্রশাসনের পাঠানো আনুষ্ঠানিক এক চিঠির পর সোমবার (১৭ নভেম্বর) সকাল থেকে বিভিন্ন পয়েন্টে সেনা সদস্যদের অবস্থান নিতে দেখা যায়। প্রশাসন নিশ্চিত করেছে, রোববার (১৬ নভেম্বর) সেনাসদরে নিরাপত্তা বাড়াতে লিখিত অনুরোধ পাঠানো হয়েছিল।

মামলার আগের ধাপেও নিরাপত্তা জোরদার করা হয়েছিল। গত বৃহস্পতিবার রায়ের সম্ভাব্য তারিখ ঘোষণার কথা জানা গেলে সুপ্রিম কোর্ট প্রশাসন সেনা মোতায়েনের জন্য প্রথম চিঠি পাঠায় এবং সেদিনও আদালত এলাকায় সেনা সদস্যরা দায়িত্ব পালন করেন।

উল্লেখ্য, অভিযোগ গঠনের দিন ১০ জুলাই সাবেক আইজিপি মামুন গণঅভ্যুত্থানের সময় মানবতাবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার বিষয়টি স্বীকার করেন এবং রাজসাক্ষী হওয়ার আবেদন জানান। এই স্বীকারোক্তির পর থেকেই মামলাটিকে ঘিরে নিরাপত্তা আরও শক্ত করা হচ্ছে।